গাংনীতে নিহত শিশুর পরিবারকে উপজেলা প্রশাসনের আর্থিক অনুদান প্রদান

মেহেরপুরের গাংনী উপজেলায় মাথাভাঙ্গা নদীর পানিতে ডুবে আব্রাহাম
(২) নামের এক শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার সকাল ১০টার দিকে নদীর পাড়ে খেলতে গিয়ে এ দুর্ঘটনা ঘটে। নিহত আব্রাহাম একই গ্রামের মালয়েশিয়া প্রবাসী আকাশ আলীর ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, নদীর ধারে বাড়ি হওয়ায় সকালে বাড়ির পাশে খেলাধুলার সময় অসাবধানতাবশত শিশুটি নদীতে পড়ে যায়।

কিছুক্ষণ পর এলাকাবাসী তাকে নদীর পানিতে ভাসমান অবস্থায় দেখতে পেয়ে পরিবারের সদস্যদের খবর দেন। পরে তাকে উদ্ধার করা হলেও ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

এ ঘটনায় গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন সরকারের পক্ষ থেকে নিহত শিশুর পরিবারকে ১০ হাজার টাকা অনুদান প্রদান করা হয়েছে। এ সময় গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার দাস উপস্থিত ছিলেন।

মুজিবনগরে ব্রেন টিউমারে আক্রান্ত এতিম শিশুকে জেলা ছাত্রদলের অনুদান প্রদান

মুজিবনগরে ব্রেন টিউমারে আক্রান্ত এতিম শিশুর চিকিৎসার জন্য অনুদান প্রদান করলো মেহেরপুর জেলা ছাত্রদল।

মুজিবনগর উপজেলার, বাগোয়ান গ্রামের মৃতঃ আব্দুল কাদের এর ১৫ বছর বয়সী ছেলে বিপ্লব মীর দীর্ঘদিন ব্রেন টিউমার আক্রান্ত হয়ে

মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছে। টাকার অভাবে ঠিকমতো চিকিৎসা করতে পারছেনা তার পরিবার। বিভিন্ন সামাজিক সংগঠন সহ প্রশাসনের তরফ থেকেও করা হয়েছে সহযোগিতা তাতেও সংকুলান হয়নি অপারেশনের টাকার। খবর পয়ে তার অপারেশনের জন্য সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন মেহেরপুর জেলা ছাত্রদল।

গতকাল শনিবার সকালে বিপ্লব মীর এর বাড়িতে যেয়ে জেলা ছাত্রদলের পক্ষ থেকে রোগীর চাচা মুংলা মীর এর হাতে চিকিৎসার জন্য নগত ১লক্ষ টাকা তুলে দেন জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির।

এসময় মেহেরপুর জেলা ছাত্রদল এর সাবেক যুগ্ম সম্পাদক তোফিকুল ইসলাম মিঠন, মেহেরপুর জেলা সাইবার দল এর সাধারণ সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন ছাত্রদল এর সিনিয়র যুগ্ম সম্পাদক মোঃ রিয়াজ সেখ সেখানে উপস্থিত ছিলেন।